# আন-নাবা | An-Naba' | ٱلنَّبَإ

আয়াতঃ ৭৮ : ৩৫

## আরবি মূল আয়াত:

لَا يَسۡمَعُوۡنَ فِيۡهَا لَغۡوًا وَّ لَا كِذّٰبًا ﴿۳۵﴾

## অনুবাদসমূহ:

তারা সেখানে কোন অসার ও মিথ্যা কথা শুনবে না। — আল-বায়ান

সেখানে তারা শুনবে না অসার অর্থহীন আর মিথ্যে কথা, — তাইসিরুল

সেখানে তারা শুনবেনা অসার ও মিথ্যা বাক্য; — মুজিবুর রহমান

No ill speech will they hear therein or any falsehood - — Sahih International

### ৩৫. সেখানে তারা শুনবে না কোন অসার ও মিথ্যা বাক্য(১);

(১) জান্নাতে কোন কটুকথা ও আজেবাজে গল্পগুজব হবে না। কেউ কারো সাথে মিথ্যা বলবে না এবং কারো কথাকে মিথ্যাও বলবে না। কুরআনের বিভিন্ন স্থানে এ বিষয়টিকে জান্নাতের বিরাট নিয়ামত হিসেবে গণ্য করা হয়েছে। [সা’দী]

তাফসীরে জাকারিয়া

### ৩৫। সেখানে তারা শুনবে না কোন অসার ও মিথ্যা কথা। [1]

[1] অর্থাৎ, কোন অসার, ফালতু বা অশ্লীল কথাবার্তা সেখানে হবে না। আর না এক অপরকে মিথ্যা বলবে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5707

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন